# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**জুন, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: গোলাম রব্বানী সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : **০৯ জুন,** ২০২২।

সময় : সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ০৭(সাত)টি প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র বিজ্ঞপ্তি খানা নিম্ন বর্ণিত পত্রিকার বিজ্ঞাপন ম্যানেজারকে মাত্র ১(এক) দিনের প্রকাশনার জন্য অনুরোধ করা হয়েছে। সংশ্লিষ্ট বিজ্ঞাপন ম্যানেজার কর্তৃক যথাসময়ে বিজ্ঞপ্তি প্রকাশের পর বিল দাখিল করেছেন। দরপত্র সিডিউল বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমা হওয়ায় দরপত্র আনুষাঙ্গিক বিল ও পত্রিকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>১) দৈনিক সকালের সময়, ঢাকা, বিলের মোট টাকা ৪৫,৫৪০/-<br>২) দৈনিক নিউজ মেইল, ঢাকা, বিলের মাট টাকা ১৬,৬৩৩/- | আলোচনান্তে যেহেতু দরপত্র সিডিউল বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমা হয়েছে, সেহেতু পত্রিকার বিজ্ঞপ্তি বিল ০২টি বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী। |
| | (ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০৪.২১-৩১৭ তারিখ-০১/০৬/২০২২খ্রিঃ মূলে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় প্রধান মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের অনুকূলে ২০,০০,০০০/-(বিশ লক্ষ টাকা) মাত্র বরাদ্দ পাওয়া গেছে। এই অর্থ ব্যয়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-২ এর অভিপ্রায় অনুযায়ী প্রকল্প গ্রহণ করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-২ মহোদয় কর্তৃক নিম্নবর্ণিত কাজগুলি বাস্তবায়নের জন্য অনুমতি প্রদান করেছেন। | সভায় আলোচনান্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী। |

(চলমান/২)

<table>
<tr>
<td>প্রানি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা ,কুড়িগ্রাম সভায় জানান যে ,ফুলবাড়ী , ও স্বাভাবিকভাবে পরিচালিত হ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুতিনি জানান, তাঁর দপ্তর কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>সরকারিভাবে কৃত্রিমপ্রজনন সম্প্রসারণ সংখ্যা</td><td></td></tr>
<tr><td></td><td>ক.সরকারিভাবে কৃত্রিমপ্রজনন সম্প্রসারণ(তরল)</td><td></td></tr>
<tr><td></td><td>খ.সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণসংখ্যা (হিমায়িত)</td><td>২৬২</td></tr>
<tr><td>২</td><td>সংকর জাতে বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা</td><td>১৭টি</td></tr>
<tr><td>৩</td><td>কেনডিডেট বুল তৈরি সংখ্যা</td><td></td></tr>
<tr><td>৪</td><td>সরকারিভাবে টিকা প্রদান সংখ্যা</td><td></td></tr>
<tr><td></td><td>ক. গবাদি পশু (সংখ্যা)</td><td>৬৪</td></tr>
<tr><td></td><td>খ. হাঁস-মুরগী (সংখ্যা)</td><td>৩০০০০</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২০৯৬</td></tr>
<tr><td>৬</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১০৭৮৩</td></tr>
<tr><td>৭</td><td>পোষাপ্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৩</td></tr>
<tr><td>৮</td><td>গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)</td><td>০৭</td></tr>
<tr><td>৯</td><td>গবাদি পশু পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা</td><td>০২</td></tr>
<tr><td>১০</td><td>ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প স্থাপন</td><td>০১</td></tr>
<tr><td>১১</td><td>(ক) খামারি প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)</td><td>-</td></tr>
<tr><td></td><td>(খ) মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদানং</td><td></td></tr>
<tr><td>১২</td><td>(ক) উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা)</td><td>০৪</td></tr>
<tr><td></td><td>(খ) উঠান বৈঠকে অংশগ্রহণকারীর (সংখ্যা)</td><td>৪৮</td></tr>
<tr><td>১৩</td><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারন</td><td>০.৯৫</td></tr>
<tr><td>১৪</td><td>খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন(সংখ্যা)</td><td>৫০</td></tr>
<tr><td>১৫</td><td>(ক) গবাদি পশুর খামার রেজিষ্ট্রশন</td><td>০১</td></tr>
<tr><td></td><td>(খ) পোল্ট্রি খামার রেজিস্ট্রশন ও নবায়ন</td><td>-</td></tr>
<tr><td>১৬</td><td>মোবাইল কোর্ট পরিচালনা (সংখ্যা)</td><td>০২</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাছুর উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রানিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান ফুলবাড়ী হাসপাতা ওটি কার্যক্রম চালু হয়েছে। আগামী ১২-১৫ জুন ২০২২ টিকা প্রদান করা হবে নির্ধারিত তারিখে টিকা নেওয়ার পদক্ষেপ গ্রহণের বিষয়ে শিক্ষক ও অভিভাবকবৃন্দকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বুস্টার ডোজ প্রদানের কার্যক্রম চলমান।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধিসহ করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা</td>
</tr>
</table>

(চলমান/৪)

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ১০০০ স্কুট গোডাউন নির্মাণের জন্য উপজেলা কৃষি অফিসের পশ্চিম পার্শ্বের জায়গাটি গোডাউন নির্মাণের জন্য স্থান নির্বাচনের প্রস্তাব করেন। ২০২১-২০২২ অর্থবছরে খরিপ-১ মৌসুমে ১০৪০ হেক্টর জমিতে আউশ ধান এবং ৫৩০ হেক্টর জমিতে পাট চাষ করা হয়েছে। বর্তমানে আগাম আমন ধান চাষের জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। উপজেলা কৃষি অফিসের পশ্চিম পার্শ্বের জায়গাটি গোডাউন নির্মাণের জন্য স্থান নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি অপরাধীকে সনাক্ত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখার জন্য ইউপি চেয়ারম্যান/সচিবগণকে অনুরোধ জানান। | মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখতে হবে। | ১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২।ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান, প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির কার্যক্রম পুনরায় চালু হওয়ায় পোর্টালে এন্ট্রিকরণের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরের বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত কাজের প্রাক্কলন কার্যক্রম সম্পন্ন হয়নি।<br>৩। স্লিপ ও রুটিন মেইনটেন্যান্স কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৪। কোভিড-১৯ এর বিদ্যালয়ের অনুকূলে প্রাপ্ত পণ্য সামগ্রী যথাযথভাবে বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) মে, ২০২২ পর্যন্ত আত্মকর্মসংস্থান রাজস্ব খাতে ৭৯৪ জনকে ১৫,০২,৬৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ)মে, ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮-২০৯ জনকে ১৭৬৬১৯০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) মে, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পে ৩২৯ জনকে ১০৩৫৫০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে; ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>(ঘ)মে, ২০২২ পর্যন্ত ৭৮৫৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮১%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৪% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯২%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| মৎস্য অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি জানান, ১) ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ০৩টি প্রদর্শনীর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং একই প্রকল্পের আওতায় ১৮ জন মৎস্যচাষীকে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>২)জেলে নিবন্ধন ও জেলেদের জাতীয় পরিচয়পত্রের কাজ হালনাগাদকরণ চলমান। | | |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরে বন্যাকবলিত এলাকায় মানুষদের জন্য ৬০,০০০ (ষাট হাজার) টাকা এবং ২০.০০০ মেঃটন চাউল উপ-বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ বন্যাকবলিত মানুষের মাঝে বিতরণের জন্য বন্যাকবলিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বিতরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের এ উপজেলায় নগদ ১৪,৭২,৮০৪.৫১ টাকার বিপরীতে ০৭ টি ও খাদ্যশস্যের ১৯.৬১৭ মেঃ টন চাউলের বিপরীতে ০৭ টি এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের নগদ ৪৮,২৮,৫২০/- টাকার বিপরীতে ৩৯ টি এবং ৩য় পর্যায়ে এ উপজেলায় নগদ ১৩,০২,৬৫৮.৪৮ টাকার বিপরীতে ১২ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে প্রকল্পের কাজ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে "অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচি আওতায় ২য় পর্যায়ে এ উপজেলায় ২,৩৬০ জন উপকারভোগী শ্রমিকের বিপরীতে নন ওয়েজ কষ্ট বাবদ ১৭,৩৩,৫৫৯/- টাকার বরাদ্দের বিপরীতে ৫৪ টি ওয়েজ এবং ১২ নন ওয়েজ প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে প্রকল্পের কাজ আগামী ১৪/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে শুরু করে নির্দেশনা মোতাবেক ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখে কর্মসূচির কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়। পবিত্র ঈদ-উল-ফিতর/২০২২ উপলক্ষ্যে অতিদরিদ্র/অসহায় ও দুস্থ ব্যক্তি/পরিবারকে খাদ্যশস্য সহায়তা প্রদানের লক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় এ উপজেলায় ৩৮,৭৩৪ টি কার্ডের বিপরীতে মোট ৩৮৭.৩৪০ মেঃ টন চাউলের উপ-বরাদ্দ পাওয়ার পর পবিত্র ঈদ-উল-ফিতরের পূর্বেই বরাদ্দকৃত খাদ্য সহায়তা উপকারভোগীদের মাঝে বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২০২১-২২ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবার পুনর্বাসনের লক্ষ্যে এ উপজেলায় ৩য় পর্যায় বরাদ্দকৃত মোট ১৬২ টি গৃহের মধ্যে ৬২ টি গৃহ নির্মাণ কাজ নির্দিষ্ট প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সমাপ্ত হওয়ায় আগামী ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখ নবনির্মিত ঘরগুলি ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভার্চুয়ালী মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক শুভ উদ্বোধন করেছেন এবং অবশিষ্ট ১০০ টি গৃহ নির্মাণের কাজ নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী চলমান আছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের এ উপজেলায় ০২ টি সেতু এবং ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণের লক্ষে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" প্রকল্পের ২,০০০ কিঃ মিঃ এর ০২ টি রাস্তার কাজ চলমান আছে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |

<table>
<tr>
<td>উপজেলা প: প: বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক মে/২২ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়।
<table>
<tr><th rowspan="2">পদ্ধতির নাম</th><th colspan="2">গ্রহণকারী</th><th rowspan="2">প্রজেক শন</th><th rowspan="2">বিতরণ ও সম্পাদন</th></tr>
<tr><th>সংখ্যা</th><th>হার</th></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৬১৪৫</td><td>৩৭.৯৯%</td><td>৩৯%</td><td>১২২৩৫(চক্র</td></tr>
<tr><td>কনডম</td><td>১১২১</td><td>২.৬৪%</td><td>৭%</td><td>৫৮৩৫ পিস</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৯৫০৭</td><td>২২.৩৭%</td><td>১৯%</td><td>২৮৬১ ভায়</td></tr>
<tr><td>অস্থায়ী মোট</td><td>২৬৭৭৩</td><td>৬২,৯৪%</td><td>৬৩%</td><td>-</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৮৩৪</td><td>(১.৯৬%</td><td>৪%</td><td>৫৮(পিস)</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>১৭৬৫</td><td>৪.১৫%</td><td>৪%</td><td>২৭ সেট</td></tr>
<tr><td>পুরুষ স্থায়ী</td><td>১৯৫৫</td><td>৪.৬০%</td><td>৫%</td><td>০৩ জন</td></tr>
<tr><td>মহিলা স্থায়ী</td><td>২৯৬৪</td><td>৬.৯৭%</td><td>৭%</td><td>০৫ জন</td></tr>
<tr><td>স্থায়ী ও দীর্ঘ মেয়াদী</td><td>৭৫১৮</td><td>১৭.৬৯%</td><td>২০%</td><td></td></tr>
<tr><td>সর্বমোট:</td><td>৩৪২৯১</td><td>৮০.৬৯%</td><td>৮৫%</td><td></td></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>৪২৪৫৬</td><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা প: প: কর্মকর্তা, ফুলবাড়ী</td>
</tr>
<tr>
<td>মহিলা বিষয়ক কর্মকর্তা</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ২০২১-২০২২ ভিজিডি চক্রে ৬টি ইউনিয়নে ৫৭৯৫ জন উপকারভোগী রয়েছে। মে/২০২২ মাসের খাদ্যশস্য বিতরণ করা হয়েছে।<br>(২) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ (WTC) চলমান রয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দুটি ট্রেডে) চলমান রয়েছে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। জানুয়ারি/২২ মাস হতে ক্লাবের নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী।</td>
</tr>
</table>

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>১। শিক্ষার্থীদের ইউনিক আইডির তথ্য এন্ট্রি কার্যক্রম চলমান।<br>২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের অর্ধবার্ষিক পরীক্ষা-২০২২ চলমান, যা পরিদর্শনের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।<br>৩। বাংলাদেশ স্কাউটস ফুলবাড়ী উপজেলা শাখার কাউন্সিল কার্যক্রম চলমান।<br>৪। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ সম্পন্ন।<br>৫। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ কর্মসূচি উদযাপন সম্পন্ন। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষকসহ ০৩ জন শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন।<br>৬। আইএসএএস তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান।<br>৭। আইএসএএস কার্যক্রম চলমান।<br>৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যান্ড্রয়েড সেটে **e-mail** ও **facebook** ব্যবহার চালু আছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। কোন অসুবিধা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী। |
| চেয়ারম্যান বড়ভিটা ইউপি | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, জনাব মো: আতাউর রহমান মিল্টু সভায় জানান যে, বড়ভিটা বাজারের পার্শ্বে বড়ভিটা পরিবার কল্যাণ কেন্দ্রটি ব্যবহার অনুপযোগী। উক্ত ভবন পরিত্যাক্ত অবস্থায় থাকায় মাদকসেবীরা আড্ডা জমায়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় ভবনটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | বড়ভিটা পরিবার কল্যাণ কেন্দ্রটি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৮)

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | ১। সভায় উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১১,৪২০/- (এগারো হাজার চারশত কুড়ি) টাকা এবং উপজেলা পরিষদের আওতাধীন হেলিপ্যাডের ভূমি উন্নয়ন কর বাবদ ৩,২০০/- (তিন হাজার দুইশত) টাকা সর্বমোট ১৪,৬২০/- (চৌদ্দ হাজার ছয়শত কুড়ি) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(চ) অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১১,৪২০/-(এগারো হাজার চারশত কুড়ি) টাকা এবং উপজেলা পরিষদের আওতাধীন হেলিপ্যাডের ভূমি উন্নয়ন কর বাবদ ৩,২০০/-(তিন হাজার দুইশত) টাকা সর্বমোট ১৪,৬২০/- (চৌদ্দ হাজার ছয়শত কুড়ি) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ২। সভায় ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২২ হতে জুন/২০২২ সময়ের ভ্রমণ ভাতা বিল অপরিশোধিত আছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য ভ্রমণ করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমণভাতা বিল সমূহ জরুরি ভিত্তিতে পরিশোধ করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। চেয়ারম্যান মহোদয়ের ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/২২ হতে জুন/২০২২ সময়ের মাসের ভ্রমন ভাতা বিল পাশ ও অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ৩। উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত পাজেরো জীপের জানুয়ারি/২২ হতে জুন/২২ পর্যন্ত সময়ের জ্বালানী বাবদ ১,১৮,৯০২/-(এক লক্ষ আঠারো হাজার নয়শত দুই) টাকার ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে জ্বালানী বাবদ ১,১৮,৯০২/-(এক লক্ষ আঠারো হাজার নয়শত দুই) টাকার ব্যয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ৪। উপজেলা পরিষদ অফিসে ব্যবহৃত জুন/২০২২ মাসের বিদ্যুৎ বাবদ ১৯১২/-(এক হাজার নয়শত বারো) টাকা এবং জানুয়ারি/২২ হতে মে/২২ সময়ের টেলিফোন বিল বাবদ ৮৬৫/- আটশত পঁয়ষট্টি টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ অফিসে ব্যবহৃত জুন/২০২২ মাসের বিদ্যুৎ বাবদ ১৯১২/-(এক হাজার নয়শত বারো) টাকা এবং জানুয়ারি/২২ হতে মে/২২ সময়ের টেলিফোন বিল বাবদ ৮৬৫/- আটশত পঁয়ষট্টি টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ৫। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিসে ব্যবহারের জন্য সিএ কাম-স্টেনো এর মার্চ/২২ হতে জুন/২০২২ সময়ের ৪(চার) মাসের মাসের মডেম খরচ বাবদ মোট ২০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মডেম খরচ বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা পরিশোদের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |
| | ৬। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিসে ব্যবহৃত প্রিন্টারের কালির টোনার এর খরচ বাবদ মোট ২০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রিন্টারের কালির টোনার খরচ বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা পরিশোদের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৯
১২ জুন, ২০২২

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-৫৮০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব, ........................................................................ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। উপজেলা..............................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব................................................................... ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭। অফিস নথি।

১২/০৬/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

12/06/22

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১-৫৮২(৪০)

তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৯ জুন ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জুন ২০২২ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৮-০৬-২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
১৯) চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) জনাব..........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ৫৫২(৪০)

তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।